[ বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য ]
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

সিস্টেমস ম্যানেজার দপ্তর
ডাইরী নং.........
তারিখ ০১/০৭/২৫
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

(মূল্য সংযোজন কর)

## বিশেষ আদেশ

বিশেষ আদেশ নং-১১ /মূসক/২০২৫

তারিখঃ ১৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ।
৩০ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ বাংলা নববর্ষ ১৪৩২ উদ্‌যাপন উপলক্ষ্যে ১৪ এপ্রিল, ২০২৫ খ্রিঃ তারিখে জাতীয় সংসদ ভবন প্রাঙ্গনে 'ড্রোন শো' আয়োজনের ব্যয় বাবদ আয়োজনকারী চীনা প্রতিষ্ঠান সিপিএএ থিয়েটার্স ডেভেলপমেন্ট কোঃ লিঃ কে চীন সরকারের নিকট হতে গ্রান্ট হিসেবে প্রাপ্ত USD 500000.00 এর সমপরিমাণ ৬,০৭,৫০,০০০/- (ছয় কোটি সাত লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র) টাকা পরিশোধের উপর সমুদয় মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান।

যেহেতু, ১৪ এপ্রিল, ২০২৫ খ্রিঃ তারিখে জাতীয় সংসদ ভবন প্রাঙ্গনে আয়োজিত 'ড্রোন শো' এর প্রয়োজনীয় অর্থ বাংলাদেশ সরকার অনুদান (গ্রান্ট) হিসেবে চীন সরকারের নিকট হতে প্রাপ্ত হয়েছে; এবং
চীনা কোম্পানি বাংলাদেশে ড্রোন বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করেনি এবং এর দ্বারা তাদের কোনো মুনাফাও অর্জিত হয়নি মর্মে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পত্রে উল্লেখ করা হয়েছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলা নববর্ষ ১৪৩২ উদ্‌যাপন উপলক্ষ্যে ১৪ এপ্রিল, ২০২৫ খ্রিঃ তারিখে জাতীয় সংসদ ভবন প্রাঙ্গনে আয়োজিত 'ড্রোন শো' এর আয়োজক চীনা প্রতিষ্টান সিপিএএ থিয়েটার্স ডেভেলপমেন্ট কোঃ লিঃ কে চীন সরকারের নিকট হতে গ্রান্ট হিসেবে প্রাপ্ত USD 500000.00 এর সমপরিমাণ ৬,০৭,৫০,০০০/- (ছয় কোটি সাত লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র) টাকা ড্রোন ভাড়া এবং ড্রোন আনা-নেওয়া বাবদ শো এর ব্যয় হিসেবে পরিশোধের ক্ষেত্রে সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাঃ
[ মোহা: মসিউর রহমান ]
প্রথম সচিব (মূসক নীতি)

প্রাপকঃ উপ-পরিচালক
বাংলাদেশ সরকারি ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা।
(তাঁহাকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করিবার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো)।

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০৩৪.২০১৩ (অংশ-১)/ ১৭৬ (৩/১৮) তারিখঃ ৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সংস্কৃতি বিসয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২-৪। সদস্য (মূসক নীতি)/(মূসক বাস্তবায়ন ও আইটি)/(মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৫-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।

১৭। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর ঢাকা।

~~১৮~~-১৯। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

২০। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩০.৬.২৫

[ মোহা: মসিউর রহমান ]
প্রথম সচিব (মূসক নীতি)